Rich Business System Ltd
Closing Technique

জয়েনিং সিস্টেম সুন্দরভাবে তুলে ধরা:

১। আপনি সম্পূর্ণ প্ল্যান দেখেছেন আশা করি বুঝতে পেরেছেন কিভাবে আয় করবেন, তারপরও যেটি বলতে চাই আপনি এখানে কিভাবে আসবেন। দেখুন আপনি শুধুমাত্র সেবা পাওয়ার জন্য আসতে চাইলে একটি স্মার্ট প্যাকেজ ক্রয় করে আসতে পারেন, আর আপনি যদি ক্যারিয়ার বিল্ডাপ করতে চান অর্থাৎ অধিক আয় করতে চান তাহলে আমার পরামর্শ হচ্ছে আপনি **V VIP/ VIP** প্যাকেজ বা ১৫/৭ টি সেন্টার নিয়ে সদস্য হতে পারেন । কারণ আমাদের কোম্পানিতে যারা সফল হয়েছে সবাই এই প্রক্রিয়ায় এসেছে, এমনকি আমি নিজেও। এই প্যাকেজের সুবিধা হচ্ছে একই কাজ করে ১৫/৭ গুন আয় নিশ্চিত করতে পারেন। উক্ত **V VIP/ VIP** প্যাকেজের আরও বিশেষত্ব হচ্ছে মাত্র ৩টি প্যাকেজ সেল করে যে টাকা দিয়ে জয়েন করেছেন তার চেয়েও বেশী অর্থাৎ ২৯,১৪৮/১৬,৩২০ টাকা কমিশন আকারে পাবেন।

* **এখন এই V VIP/ VIP প্যাকেজটি কিভাবে ক্রয় করে আসবেন?** - আপনি এই **V VIP/VIP** প্যাকেজটি পণ্য ক্রয় করে আসতে পারেন বা চাইলে পয়েন্ট সংগ্রহ করেও আসতে পারেন। পয়েন্ট সংগ্রহের মাধ্যমে সদস্য হতে পারবেন মাত্র ২৭,৫০০/১৪,৫০০ টাকা দিয়ে, আপনার কার্ডে কোম্পানি ৬,৫০০/৩,২০০ পয়েন্ট লোড করে দিবে, যা প্রতি পয়েন্ট ৫ টাকা হিসেবে ৬,৫০০ পয়েন্ট সমান ৩২,৫০০ এবং ৩,২০০ পয়েন্ট সমান ১৬,০০০ টাকা আপনার কার্ডে প্রদান করে দিবে। অর্থাৎ আপনি **V VIP/ VIP** প্যাকেজটি ক্রয় করবেন ২৭,৫০০/১৪,৫০০ টাকা দিয়ে কিন্তু কার্ডে পাবেন ৩২,৫০০/১৬,০০০ টাকা।

* **এখন প্রশ্ন হচ্ছে এই ৬,৫০০/৩,২০০ পয়েন্ট কিভাবে সমন্বয় করবেন?** গ্রাহক হওয়ার পর যখনই কোন পণ্য কিনতে যাবেন আগে দেখবেন ঐ পণ্যে কত পয়েন্ট আছে। যদি -

* ১০০০ পয়েন্ট থাকে তাহলে যা মূল্য থাকবে তা থেকে ৫,০০০ টাকা বাদ যাবে। * ৫০০ পয়েন্ট থাকে তাহলে যা মূল্য থাকবে তা থেকে ২,৫০০ টাকা বাদ যাবে।* ১০০ পয়েন্ট থাকে তাহলে যা মূল্য থাকবে তা থেকে ৫০০ টাকা বাদ যাবে। * ৫০ পয়েন্ট থাকে তাহলে যা মূল্য থাকবে তা থেকে ২৫০ টাকা বাদ যাবে। * ২০ পয়েন্ট থাকে তাহলে যা মূল্য থাকবে তা থেকে ১০০ টাকা বাদ যাবে এবং অবশিষ্ট টাকা প্রদান করতে হবে।

অর্থাৎ আপনি খুব সহজে পণ্য ক্রয় করে আপনার টাকা তুলে ফেলতে পারবেন। এরপরও আপনি আপনার সংসারের নিত্য প্রয়োজনীয় পণ্য সমূহ আমাদের এখান থেকে ক্রয় করতে পারবেন। আমাদের এখানে প্রতি ২০০ টাকার বাজার করলে ১ পয়েন্ট, ১০০০ টাকার বাজার করলে ৫ পয়েন্ট, ২০০০ টাকার বাজার করলে ১০ পয়েন্ট, ৩০০০ টাকার বাজার করলে ১৫ পয়েন্ট পাবেন। অর্থাৎ যা পয়েন্ট পাবেন তা ৫ টাকা হারে বাদ দিয়ে অবশিষ্ট টাকা প্রদান করে পণ্য ক্রয় করতে পারবেন। এভাবে মাসিক বাজার করে করেও আপনার টাকা তুলে ফেলতে পারবেন।

২। আপনি যদি কোন আয় করতে না পারেন তবুও লস নেই :

*জয়েন হওয়ার পর সময় সুযোগের অভাবে বা আপনার সমস্যার কারনে যদি একজনও আপনার মাধ্যমে না আসে তাহলেও আপনার লস নেই কারণ ,

* আপনি গ্রাহক হওয়ার পর জীবনে একবারের জন্য হলেও চিকিৎসা ভাতা বাবদ পাবেন - ২,১০০ টাকা।
*জীবনে একবারও যদি রক্তের প্রয়োজন হয় তাহলে তা মূল্য দিয়ে নিরুপন সম্ভব নয়।
*সবচেয়ে বড় কথা আপনার পরিবারের আর্থিক নিরাপত্তা। মৃত্যু যেহেতু সবার অবধারিত তাই আপনি সদস্য হওয়া মানে আপনার পরিবার মরণোত্তর ভাতার মাধ্যমে আর্থিক নিরাপত্তা পাবে। যা হতে পারে ১০,০০০/২০,০০০/৫০,০০০/১,০০,০০০।

৩। আপনি যদি আয় করতে চান -

আপনার জন্য রয়েছে আমাদের সর্বাত্নক সহযোগীতা - এক্ষেত্রে আপনি

ক) বাংলাদেশের প্রত্যেকটি অফিস ফ্রি ব্যবহারের সুযোগ পাবেন,
খ) যেহেতু আপনি নতুন তাই ভাল উপার্জনের জন্য রয়েছে আমাদের কোম্পানি থেকে ফ্রি প্রশিক্ষণ।
গ) আমাদের সকলের সর্বাত্বক সহয়োগীতা, কারণ আপনার আয় হওয়া মানে আমাদেরও আয় হওয়া।

আপনি হয়ত ভাবতে পারেন এখানে কাজ করতে হলে প্রচুর লোকের প্রয়োজন, তাছাড়া ভাবছেন এই কাজ কিভাবে করবেন, কিভাবে লোকজনকে বুঝাবেন, আসলে ব্যাপারটা তা নয়। কারণ, কেউ কোন কাজ শিখে আসে না যেমন - কোন লোক ড্রাইভিং জানে না, তাকে যদি একটি গাড়ি চালানোর জন্য দেওয়া হয় তাহলে সে নিশ্চিত এক্সিডেন্ট করবে, কিন্তু গাড়ী চালোনার প্রশিক্ষণ নিলে সেক্ষেত্রে কোন সম্যসা হবে না। তদ্রুপ আমাদের এখানে জয়েন হওয়ার পর প্রথম অবস্থায় আপনাকে একটু প্রশিক্ষণ নেওয়ার পর কাজে নামতে হবে। এখানে কাজটি শুরু করার জন্য আপনার প্রয়োজন প্রথমে ১ জন পরবর্তীতে আরও ১ জন। আপনার সাথে সম্পর্ক আছে বা আপনাকে বিশ্বাস করে এরকম ১৫-২০ জন আপনার বন্ধু-বান্ধব-আত্মীয় স্বজন কি নেই? উত্তরে বলবে আছে। এই ২০ জন থেকে ধরলাম আপনি এক সপ্তাহে দৈনিক ১/২ জন করে যদি ৫/১০ জনকে এই ব্যবসার জন্য দাওয়াত দিলেন সেখান থেকে ১ জনও আসে তাহলে আপনার আয় শুরু হয়ে যাবে। এভাবে আপনি এক পাশ থেকে স্পন্সর বোনাস ছাড়া টিম কমিশন বাবদ ১,০৫০ টাকা পাবেন। এই পর্যন্ত আয় করতে করতে আপনি আরও ৫/৬ জনকে বলেন সেখান থেকে যদি আরও ১ জন Yes বলে তাহলে আপনার আয় পুরোদমে চালু হয়ে যাবে এভাবে প্রতি স্টেটম্যান্টে ৪,৫০০ টাকা এবং এক পর্যায়ে ৬৪,৫০০ টাকা অর্থাৎ রিচে সপ্তাহে ২টি করে মাসে ৮ টি স্টেটম্যান্ট প্রকাশিত হয় সেক্ষেত্রে মাসে ৫,১৬,০০০ টাকা পর্যন্ত আয় করতে পারবেন। (জেনারেশন বোনাস, ইনসেনটিভ ছাড়া)

৪। জয়েন হওয়ার আগে আমন্ত্রণ না :

আপনি আমাদের প্ল্যান দেখেছেন, স্বাভাবিকভাবে এখান থেকে যাওয়ার পর ২/৪ জন আত্মীয়, বন্ধ-বান্ধবদের সাথে আলোচনা করতে পারেন, তাই না? (অতিথি উত্তরে বলতে পারে হ্যাঁ/না, যেটিই বলুক) আসলে সবাই আপনাকে পজিটিভ নাও বলতে পারে বরং আপনাকে অনেকে নেতিবাচক কিছু বলতে পারে যার ফলে আপনিও নেগেটিভ হতে পারেন।

কারণ কেন?

- আমি যে আপনাকে প্ল্যান বুঝালাম আপনি কি আসলে শতভাগ বুঝতে পেরেছেন? কখনো না, সর্বোচ্চ হতে পারে ৬০%- ৮০%, ধরলাম ৮০% বুঝতে পেরেছেন।
- এখন থেকে বাসায় যেতে যেতে আরও হয়তে ভুলে যাবেন (১০% - ২০%) আপনার ব্রেইনে থাকবে ৫০%-৬০%। আপনি আপনার পরিচিত কারও সাথে রিচের প্ল্যান শেয়ার করলেন, সাধারণত আপনি বলবেন মুখে মুখে, এতে করে আপনার মাথায় যতটুক আছে ততটুকু উপস্থাপন হবে না, এটি হতে পারে ৪০%-৫০%। আর যিনি শুনবে উনি সর্বোচ্চ বুঝতে পারবে ২০%-৩০%। যেহেতু উনি প্ল্যান ভাল বুঝে নাই, অফিস দেখে নাই, প্রোডাক্ট দেখে নাই তাই উনি সরাসরি না বলবে। এবার আপনিই বলেন ১০০% প্ল্যানের যদি ২০% বুঝে তাহলে উনি কি হ্যাঁ বলবে? উত্তরে না। তাই এভাবে যত জনের সাথে শেয়ার করবেন সবাই "না" বলবে, আর এটাই স্বাভাবিক। সুতরাং আপনার প্রথম কাজ হচ্ছে আগে জয়েন হওয়া এরপর আরও মিনিমাম তিন বার ভাল করে প্ল্যান বুঝবেন। প্রথমবার প্ল্যান আবার ১০০% দেখবেন এবার বুঝবেন ৯০%। দ্বিতীয়বার আবার প্ল্যান দেখবেন এবার বুঝবেন ৯৫%। তৃতীয়বার আবার দেখবেন এবার বুঝবেন ১০০%। এরপর আপনি আপনার পরিচিত জনকে বলার সময় নিশ্চয় ১০০% বলবেন তারাও বুঝবে আপনার মত ৮০%। তখন তারাও হ্যাঁ বলবে। অতএব এই মুহূর্তে কেউ আপনাকে পজিটিভ বলবে না, সবাই না বলবে। এদের না শুনে আপনি যদি না আসেন তাহলে আপনার সম্ভাবনা নষ্ট হবে। আমাদের না, কারণ আমরা এ ব্যবসায় ১০ জনকে বললে ৫ জন আসবে ইনশা আল্লাহ। সুতরাং আমাদের ব্যবসা চলতে থাকবে। তাই আগে চলে আসুন এরপর একটু প্রশিক্ষণ নিয়ে তারপর শেয়ার করুন দেখবেন যাকে বলবেন সেই হ্যাঁ বলবে, ইনশা আল্লাহ।

Plan Show-100%
Understand-80%
Brain-60%
Presntation-40%
Understand-20%

৫। আবেদন ফরম ফিলাপ:

একজন সচেতন এবং বুদ্ধিমান হিসাবে আপনার লাভের বিষয়টা আপনি ভাল বুঝবেন। ভাল সুযোগ সব সময় থাকেনা এবং অপেক্ষা করেনা। দেখুন, আপনি এসেছেন আশরাফের সাথে উনি আপনাকে পছন্দ করেন এবং উনি বিশ্বাস করেন আপনি এ বিজনেস এর জন্য যোগ্যতা সম্পন্ন। তাই বলতে চাই।

আশরাফ বিজনেস এর জন্য নিয়মিত কাজ করে যাচ্ছে। দৈনিক ২/৩ জন করে দাওয়াত দিয়ে যাচ্ছে তাই এদের মধ্যে যিনি আগে আসবে উনার অবস্থান প্রথম দিকে থাকবে। তাহলে দেখুন আপনি যদি আজকে আসেন আপনার অবস্থান থাকবে ১ নাম্বারে আগামীকাল যিনি আসবে উনি থাকবে ২ নাম্বারে পরের দিন যিনি আসবে উনি থাকবে ৩ নাম্বারে , এখন আপনি যদি না বুঝে বলেন ১৫ দিন পরে আসবেন তাহলে আপনার ব্যবসায়িক অবস্থান অনেক নিচে হবে। তাই যত তাড়াতাড়ি আপনি আসবেন তত আপনি লাভবান হবেন। আমার পরামর্শ হচ্ছে আপনি এখনই চলে আসেন। যদি এই মুহূর্তে পর্যাপ্ত প্রস্তুতি না থাকে তাহলে আপনি চাইলে আজকে সিরিয়াল প্রদানের মাধ্যমে আপনার কাজের ১০০% এর ৫০% কাজ শেষ করে যেতে পাবেন। বাকী ৫০% কাজ আপনি, আশরাফ ও আমাদের সহযোগীতায় অত্যন্ত সহজে হবে, ইনশা আল্লাহ।

আমরা যেহেতু এক সাথে কাজ করবো সেহেতু কোন কিছু মনে করবেন না আপনিতো এ্যাড কিংবা পেপারে এ্যাড দেখে আসেন নাই এবং প্রস্তুতি নিয়েও আসেন নাই, তাই আন্তরিক ভাবে বলতে চাই আপনার নিকট যত টাকা আছে তা দিয়ে সিরিয়াল দিয়ে দেন। (উত্তরে- উনি বলল ১,০০০ টাকা আছে) আমাদের আবেদন ফরম ২৫ টাকা এবং সাথে ১,০০০ টাকা এডভান্স দিয়ে যান। বিছমিল্লাহ করে একটা আবেদন ফরম নিয়ে আসেন। (আবেদন পূরণ করার পর টাকাটা ফরমের সাথে স্টাপলার দিয়ে ফরমের সাথে এটাচ করতে হবে এবং ফরমে ১ নং সিরিয়াল লিখতে হবে), (প্রশ্ন ছুঁড়ে দিতে হবে) আপনি বাকী টাকা কবে প্রদান করবেন? বা বলতে পারেন, আগামী ১/২ দিনের মধ্যে আপনার বাকী টাকা দ্রুত ম্যানেজ করুন। মনে রাখবেন আপনার সিরিয়ালের কথা, আপনি বিলম্ব করলে আপন ার সিরিয়াল পিছিয়ে যাবে।

আশরাফ আপনি ভাইকে সব সহযোগীতা করবেন। আপনার ব্যবসায়িক উন্নতির জন্য যেখানে যত সহযোগীতা দরকার আমরা তা করে যাবো। সুন্দরভাবে বিদায় জানাতে হবে।

Motivation Technique

আপনি কেন রিচ্ এ ক্যারিয়ার শুরু করবেন?

* ছাত্র অবস্থায় এই ব্যবসা কেন শুরু করবেন?

দেখুন আপনি এখন অনার্স/ডিগ্রীতে পড়ছেন। পড়ালেখা শেষ করার পর কি করবেন? নিশ্চয় চাকুরী/ব্যবসা। হ্যাঁ, নিশ্চয় মাস্টার্স শেষ করার পর। আচ্ছা এই পর্যায়ে যেতে আপনার কয় বছর লাগতে পারে আরও ৩/৫ বছর। অর্থাৎ মাষ্টার্স শেষ করতে করতে আপনার বয়স হতে পারে ২৪/২৫ বছর। এরপর ক্যারিয়ার শুরু হবে। তাই না? হ্যাঁ। এখানেই সবচেয়ে বড় সমস্যা উন্নত বিশ্বের সাথে আমাদের। দেখুন আপনি যদি ইউরোপ, আমেরিকা কোন দেশের হতেন তাহলে ১৭/১৮ বছর থেকেই পড়ালেখার পাশাপাশি সপ্তাহে ২০/৩০ ঘন্টা পার্ট টাইম কাজ করতেন এবং আয়ও করতেন নিজেও চলতেন পরিবারকেও সাহায্য করতেন এবং মাষ্টার্স শেষ করতে করতে প্রতিষ্ঠিত হয়ে যেতেন। এমনকি আমাদের দেশ থেকেও যারা বিদেশে পড়াশোনা করতে যায় তারা পড়ালেখার পাশাপাশি পার্ট টাইম কাজ করে, তারাও যখন মাষ্টার্স শেষ করে তখন ঐ দেশে প্রতিষ্ঠিত হয়ে যায়। দেখা যাচ্ছে ঐ দেশের লোকেরা যখন প্রতিষ্ঠিত হয়ে যায় তখন আমরা ক্যারিয়ার শুরু করি। যার কারনে ওরা উন্নত দেশ আমরা উন্নয়নশীল দেশ। এভাবেই আমরা বছরের পর বছর পিছিয়ে যাচ্ছি। ২৫ বছর বয়সে ক্যারিয়ার শুরু করে আমরা বেশির ভাগ কেন জীবন যুদ্ধে প্রতিষ্ঠিত হইনা তার কারন আমাদের বেশিরভাগের ক্যারিয়ার শুরু ২৫ বছরে। এই বয়সে যদি প্রতি মাসে আয় হয় ২৫,০০০ টাকা এবং খরচ হয় প্রতি মাসে ১৫,০০০ টাকা তাহলে জমা থাকে ১০,০০০ টাকা। এইভাবে নিম্নোক্ত উপায়ে দেখি -

১ম বছর	২৫,০০০	১৫,০০০	১০,০০০	১,২০,০০০	
২য় বছর	৩০,০০০	২০,০০০	১০,০০০	১,২০,০০০	২,৪০,০০০
৩য় বছর	৩৫,০০০	২৫,০০০	১০,০০০	১,২০,০০০	৩,৬০,০০০
* এখন ২৮ বছর বয়সে এসে বিয়ে সাদি করতে গিয়ে বিভিন্ন খরচের কারনে জমা টাকার অনেকটাই চলে যায় (২,৪০,০০০) ১,২০,০০০/-					
৪র্থ বছর	৪০,০০০	৩০,০০০	১০,০০০	১,২০,০০০	২,৪০,০০০
৫ম বছর	৪৫,০০০	৩৫,০০০	১০,০০০	১,২০,০০০	৩,৬০,০০০
এই সময়ে সংসারে বাচ্চা আসে তার খরচ বাড়ে।					
৬ষ্ঠ বছরে	৫০,০০০	৪০,০০০	১০,০০০	১,২০,০০০	৪,৮০,০০০

দেখা যাচ্ছে প্রতি নিয়ত আয় বাড়লেও পাল্লা দিয়ে সবকিছুর দাম বাড়ার কারণে খরচও বেড়ে যায়। এরপর বাচ্চা বড় হবে তার স্কুল খরচ পড়ালেখার খরচ, সবকিছুর দাম বাড়তি সবমিলে দেখা যায় আয় বাড়লেও পাল্লা দিয়ে খরচ বাড়ে ফলে সেভিং কম হয়।

তারপরও প্রতি মাসে খরচ করার পরও মাসে যদি ১৫,০০০ টাকা ব্যালেন্স থাকে তাহলে

১৫,০০০ × ১২ - ১,৮০,০০০ × ৩০ বছরে = ৫৪,০০,০০০/- টাকা সঞ্চয় হয়।

এবং প্রতি মাসে খরচ করার পরও মাসে যদি ২০,০০০ টাকা ব্যালেন্স থাকে তাহলে

২০,০০০ × ১২ - ২,৪০,০০০ × ৩০ = ৭২,০০,০০০/- সঞ্চয় হয়।

যেটাই হোক না কেন এভাবে উপার্জন করে এই টাকা দিয়ে আগামী ৩০ বছর পরে ফ্ল্যাট/বাড়ী করা সম্ভব না। তাছাড়া আজকের দিনে ৩০ হাজার টাকা আয় করেও ১০,০০০ টাকা জমা থাকে না সেখানে অবসরে গিয়ে ৫০ লক্ষ টাকা সঞ্চয় সম্ভব না। তাছাড়া সবার পক্ষে ৩০,০০০ আয় করা সম্ভব না। এই কারণে ২৫ এর পরে ক্যারিয়ার শুরু করে আমাদের দেশের বেশির ভাগ ব্যক্তি সফল হয় না, যেখানে উন্নত দেশে প্রতিষ্ঠিত হয়ে যায় ২৫ এর মধ্যে। তাই আজ হোক কাল হোক জীবন যুদ্ধে আমাদের নামতে হবে। তাই কাল না হয়ে আজ যদি হয় তাহলে আমরা দ্রুত প্রতিষ্ঠিত হবো। ইনশা আল্লাহ॥

আমরা যদি রিচ্ এর মাধ্যমে ক্যারিয়ার শুরু করি তাহলে পড়ালেখার পাশাপাশি আগামী ২/৩ বছরের মধ্যে প্রতিষ্ঠিত হওয়া সম্ভব। আমাদের এখানে প্রচুর লিডার পড়ালেখার পাশাপাশি রিচ্ শুরু করে আজকে তারা প্রতিষ্ঠিত, তারা এই বয়সে অনেকেই ভাল উপার্জন করছে। তাই ২৫ এর পরে ক্যারিয়ার শুরু না করে আজ যদি শুরু হয় তাহলে অনেক কিছু হয়ে যেতে পারে। একটি বার রিস্ক নেন, প্রয়োজনে যেভাবেই হোক ম্যানেজ করে শুরু করুন, আপনার শিক্ষাদিক্ষা আছে তাই আপনি ইনশা আল্লাহ পারবেন। মানুষের জীবনে মাঝে মাঝে সুযোগ আসে যেগুলো কাজে লাগাতে পারলে মানুষ প্রতিষ্ঠিত হয়ে যায়। হয়তোবা আপনার জন্য আজকে সুযোগ এসেছে না হলে আপনার এত বন্ধু-বান্ধব থাকতে আপনার কাছে কেন সুযোগ আসলো। নিশ্চয় আল্লাহ্ চেয়েছেন। তাই দেরী না করে আজই রিচের মাধ্যমে শুরু করে দিন। টাকার চিন্তা করবেন না। একবার রিস্ক নিন। সফল হতে না পারলে পণ্য ক্রয় করে করে টাকা তুলে ফেলবেন। আমরা আপনাকে সকল সহযোগীতা করবো ইনশা আল্লাহ।

একজন চাকুরীজীবি হিসেবে কেন এই ব্যবসা করবেন?

আপনি চাকুরী করছেন কেন নিশ্চয়ই সংসারের ভরণ-পোষণের জন্য। প্রথমত আপনি চিন্তা করে দেখেন আপনার আয় দিয়ে সংসারের সবকিছু মেইনটেইন হয়ে ব্যাংক ব্যালেন্স থাকে কিনা? যদি হয় তাহলে তো ভাল আর না হলে অবশ্যই আপনাকে এই প্রশ্নগুলো চিন্তা করতে হবে।

১) আপনি চলমান আয় দিয়ে মন মতো পরিবারের জন্য ভরন-পোষন করতে পারেন কিনা?
২) যে কর্মে রয়েছেন গত ২/৫/৭ বছর সফল হয়েছেন কিনা বা আগামীতে সফল হবেন কিনা?
৩) আপনার পর্যাপ্ত ব্যাংক ব্যালেন্স আছে কিনা?
৪) আপনি যদি অক্ষম হোন সংসার কিভাবে চলবে?
৫) দিনের পর দিন কোন উন্নতি হচ্ছে কিনা?

যদি প্রশ্নগুলোর উত্তর বেশিরভাগ না হয় তবে আপনাকে চিন্তা করতে হবে আপনার ভবিষ্যতের স্বার্থে। কারণ যেভাবে দ্রব্য মূল্যের দাম বাড়ার পাশাপাশি জীবন যাত্রার ব্যয় বেড়ে যাচ্ছে তাতে বছরের পর বছর বেতন বাড়লেও অনেকের অবস্থার উন্নতি হচ্ছে না। আপনি যদি মনে করেন আপনার ক্ষেত্রেও এরকম হচ্ছে এবং ভাল ও সচ্ছলভাবে চলতে সমস্যা হচ্ছে তাহলে যেভাবেই হোক আপনাকে বাড়তি রোজগার করতে হবে। আপনার কাছে বিকল্প পথ থাকলে কোন সমস্যা নেই। যদি না থাকে আমার পরামর্শ হচ্ছে আপনি আমাদের কোম্পানীর মাধ্যমে বাড়তি আয় করতে পারবেন। এখানে চাকুরির পর প্রতিদিন গড়ে ২/৩ ঘন্টা সময় দিয়ে যদি কাজ করতে পারেন তাহলে আপনার আয় আরম্ভ হয়ে যাবে। প্রথম প্রথম কম হলেও আপনার টিম যখন বড় হতে থাকবে তখন আয়ও বাড়তে থাকবে। তাই আমার পরামর্শ হচ্ছে আপনি সফল হওয়ার জন্য রিচ্ কে ক্যারিয়ার হিসেবে নিয়ে নিন। দেখবেন বাড়তি এই পরিশ্রমের মাধ্যমে আপনি সফল হয়ে যাবেন। অনেকেই হয়েছে এবং প্রতিনিয়ত হচ্ছে আপনিও সফল হবেন ইনশা আল্লাহ॥ নিজের সন্তান-স্ত্রী, মা-বাবা এদের দিক চিন্তা করে হলেও চাকুরির পাশাপাশি রিচ্ এ কাজ শুরু করে দিন। একটিবার রিস্ক নিন, অল্প কিছু টাকা লাগবে যা হয়তো আপনাকে অনেক বড় করবে । আপনি সৃষ্টিকর্তার নাম নিয়ে শুরু করুন আমরা আপনাকে সকল সহযোগীতা করবো।

একজন ব্যবসায়ী হিসেবে কেন এই ব্যবসা করবেন?

আপনি একজন ব্যবসায়ী তাই চলমান ব্যবসার পাশাপাশি চাইলে এই ব্যবসাও করা যায়। তারপরও সুনিদিষ্ট কারণ থাকতে হবে কেন করবেন? দুটি কারণ হতে পারে - ১। বর্তমান আয়ের পাশাপাশি বাড়তি আয়ের জন্য ২। বেশী টাকা উপার্জনের জন্য। আপনার কাছে আমি কিছু প্রশ্ন রাখছি যে গুলোর উত্তর আমাকে বলার দরকার নেই। প্রশ্নগুলো হল -

১। বর্তমান ব্যবসার উপার্জন দিয়ে আপনি মন মতো পরিবারের ভরন-পোষন করতে পারেন কিনা?

২। এই ব্যবসায় আপনার উন্নতি হচ্ছে কিনা এবং ভবিষ্যতে এর মাধ্যমে প্রতিষ্ঠিত হতে পারবেন কিনা?

৩। আপনার অনুপস্থিতিতে ব্যবসা চলে কিনা।

৪। অবসর পান কিনা?

৫। বর্তমান আয়ে মন থেকে সন্তুষ্ট কিনা?

উত্তর যদি বেশির ভাগ না হয় তাহলে ধরে নিতে হবে আপনি কোন রকমে মোটামুটি দিন পার করছেন যা আপনাকে প্রতিষ্ঠিত করতে পারবেনা। এভাবে চলতে থাকলে এমন সময় আসবে আপনি অসুস্থ হলে বা দেশে সমস্যা হলে লোকসান হওয়ার পাশাপাশি আপনার আয় কমে যেতে পারে এমনকি বন্ধ হয়ে যেতে পারে। তাই আপনার ভবিষ্যতের স্বার্থে এখনই গভীরভাবে চিন্তা করা উচিত যাতে আপনার বাড়তি আয় হয়। আপনার কাছে ওয়ে থাকলে বা বাড়তি বিনিয়োগ করে ব্যবসা করতে পারলে সমস্যা নেই আর যদি না থাকে তাহলে বাড়তি আয় ও প্রতিষ্ঠিত হওয়ার স্বার্থে আমার পরামর্শ হচ্ছে আপনি এখনই আমাদের এই ব্যবসায় সম্পৃক্ত হতে পারেন। কারন চলমান আয়ের পাশাপাশি এই ব্যবসার অতিরিক্ত আয় আপনার সংসারে স্বচ্ছলতার পাশাপাশি আপনাকে অল্প সময়ে প্রতিষ্ঠিত করবে ইনশা - আল্লাহ্ । এই ব্যবসার মাধ্যমে চাইলে আপনি অধিক উপার্জনের পাশাপাশি আগামী ২/৩ বছরের মধ্যে ভাল একটা অবস্থান গড়ে তুলতে পারবেন। একজন ব্যবসায়ী হিসেবে এটাকে একটি ব্যবসা হিসেবে নিয়ে কিছু টাকা বিনিয়োগ করুন। একটি বার রিস্ক নিন, দেখবেন আয়ের একটি বিকল্প রাস্তা খুলে যাবে। আপনি আমাদের সাথে শুরু করুন আমরা আপনাকে সকল সহযোগীতা করবো।

একজন বেকার হিসেবে কেন এই ব্যবসা করবেন?

এই মুহুর্তে আপনার কোন কর্ম নেই বললেই চলে বা কোন কর্মে সম্পৃক্ত হতেও সময় লাগবে তাই দুঃশ্চিন্তা না করে আপনি আমাদের কোম্পানিতে কাজ শুরু করুন। দেখবেন আপনার একটা অবস্থান হয়ে যাবে। আমার কথা হচ্ছে এই মূহুর্তে চাকুরী, ব্যবসা কোন কিছু করার সুযোগ না পেলে আপনি কি করবেন? কিছু একটাতো করতে হবে। তাই আমার পরামর্শ হচ্ছে যতদিন আপনি কোন কর্মে যোগ দিচ্ছেন না ততদিন আপনার পূর্ণ সময়টুকু এখানে দিন। দেখবেন ২/৩ মাস পর আপনাকে অন্য কোন কিছুর জন্য টেনশন করতে হবে না। আপনার প্রচুর সময় রয়েছে ও শিক্ষাদীক্ষা আছে তাই এখানে সফল হওয়ার জন্য যে যোগ্যতা দরকার তা আপনার রয়েছে তাই এগুলো কাজে লাগান। এমনও হতে পারে আপনি অনেক বেশি সফল হতে পারেন। এভাবে কতদিন বেকার থাকবেন? আসুন এক সাথে মিলেমিশে কাজ করব, যত রকম সহযোগীতা লাগে আমরা করবো। চিন্তা করবেন না হয়তো আল্লাহ আপনাকে একটি রাস্তা দেখাচ্ছে, আসুন ফুল টাইম রিচ্-এ কাজ করি অনেকে যে রকম সফল হয়েছে আপনিও হবেন, ইনশাআল্লাহ।।

আপনি এই ব্যবসায় কেন আসবেন ?

আপনি একটি ভাল ক্যারিয়ার গড়ে তোলার জন্য এবং আগামী ৬-৮ মাসের ব্যবধানে একটি ভাল রোজগারের জন্য এই ব্যবসায় আসবেন। কিভাবে তা সম্ভব হবে?

এই হচ্ছেন আপনি --

U

প্রথম মাসে মাত্র দুই জনকে ব্যবসার সম্পৃক্ত করলেন।	A	B	আপনার আয় হল ৩,০০ টাকা
২য় মাসে এদের মাধ্যমে হল ৪ জন	২	২	৬০০ টাকা
৩য় মাসে এদের মাধ্যমে হল ৮ জন	৪	৪	১,২০০ টাকা
৪র্থ মাসে এদের মাধ্যমে হল ১৬ জন	৮	৮	২,৪০০ টাকা
৫ম মাসে এদের মাধ্যমে হল ৩২ জন	১৬	১৬	৪,৮০০ টাকা
৬ষ্ঠ মাসে এদের মাধ্যমে হল ৬৪ জন	৩২	৩২	৯,৬০০ টাকা
৭ম মাসে এদের মাধ্যমে হল ১২৮ জন	৬৪	৬৪	১৯,২০০ টাকা
৮ম মাসে এদের মাধ্যমে হল ২৫৬ জন	১২৮	১২৮	৩৮,৪০০ টাকা
৯ম মাসে এদের মাধ্যমে হল ৫১২ জন	২৫৬	২৫৬	৭৬,৮০০ টাকা

অর্থাৎ মাত্র ১ জনে ১ মাসে ২ জনকে ব্যবসায় আনলে দেখা যাচ্ছে ৬ মাস পর আপনার আয় আসে ১৯,০০০ এর অধিক এবং ৮ মাস পর আয় আসে ৮০ হাজার টাকার মত । রেজাল্ট বলতেছে ৮/৯ মাস পর আপনার অনেক ভাল অবস্থান তৈরী হচ্ছে।

সাধারণত এই টাকা চাকুরী করে উপার্জন করতে হলে নুন্যতম যোগ্যতা লাগবে মাস্টার্স/এম.বি.এ ও ভাল অভিজ্ঞতা, আর ব্যবসা করে উপার্জন করতে হলে পূঁজি লাগবে ২০/২৫ লক্ষের অধিক। এখন প্রশ্ন হচ্ছে এই যোগ্যতা আপনার থাকলেতো কোন সমস্যা নেই যদি না থাকে বা থাকলেও আয় করতে পারছেন না তাহলে আমার পরামর্শ হচ্ছে আপনি আমাদের এই ব্যবসায় আসুন। ২৫ লক্ষ টাকা বিনিয়োগের দরকার নেই এর ১% মাত্র ২৭,৫০০ টাকা বিনিয়োগ করুন। আপনি ১৫টি সেন্টার নিন, আপনি দিবেন ২৭,৫০০ টাকা আপনার কার্ডে থাকবে ৩২,৫০০ টাকা যা আপনি ইচ্ছে মত পণ্য ক্রয় করে সমন্বয় করতে পারবেন। এই ১৫ টি সেন্টার নেওয়ার ফলে সুবিধা হচ্ছে আপনার মত মাত্র ৩ জন এই ব্যবসায় সম্পৃক্ত হলে কমিশন আকারে পাবেন (স্পন্সর বোনাস ৫০০০ × ৩ = ১৫,০০০ টাকা, কমিশন ১২,৩০০ টাকা এবং জি.আই.ও ১৮৪৮ টাকা) ২৯,০০০ টাকার অধিক।



তাই আমি মনে করি একটি বার রিস্ক নেন সফল হওয়ার জন্য। মাত্র ২৭,৫০০ টাকা, ভাই কত টাকা কত দিকে চলে যায় একটি বার চেষ্টা করেন জীবনের টার্নিং পয়েন্ট হতে পারে। আমাদের এখানে কত ব্যক্তি সফল হয়েছে আপনিও হতে পারেন। দেখুন আল্লাহ্ এর হুকুম ছাড়া বাতাস নড়েনা তাই আপনি আমাদের প্ল্যান দেখছেন এটি তার ইশারাই হয়েছে, আমরাতো উছিলা। তাই আমার পরামর্শ আপনি আজকেই চলে আসেন প্রয়োজনে ------ ।

আর আপনি যদি না আসেন তাহলে লস আপনার কারণ আপনার সম্ভাবনা আপনিই নষ্ট করবেন। হয়তোবা আপনি অনেক বড় হতে পারেন। দেখুন আমাদের লস নেই কারণ আমরা ১০ জনকে বুঝালে ৫ জন আসবে আমাদের ব্যবসা হবে। না হলে এত বছর আমরা কিভাবে টিকে আছি।

একবার কপাল ঘসে দেখুন হয়ে যেতেও পারে। মনে করেন টাকা ফেলে দিলেন এটা যদি মনে করতে পারেন তাহলে আপনার সম্ভাবনা শুরু হবে। আর না হলে পণ্য ক্রয় করে টাকা তুলে ফেলবেন। কোন লসের সম্ভাবনা নেই। ইনশা আল্লাহ॥

জীবনে সফল হতে দ্রুত পদ্ধতি বেছে নিতে হবে।

জীবনে দুই ভাবে প্রতিষ্ঠিত হওয়া যায় -

ক) অল্প সময়ের/৫ বছরের মধ্যে খ) ২০/৩০ বছরে।

মনে করলাম আপনি ঢাকা/চট্টগ্রাম যাবেন, আপনার জন্য ওয়ে হচ্ছে ৩টি

বাস, ট্রেন ও বিমান

বাস ও ট্রেন এ যেতে সময় লাগতে পারে ৬-৮ ঘন্টা আর বিমানে মাত্র ৪৫ মিনিট। প্রশ্ন হচ্ছে ঢাকা/চট্টগ্রাম এই তিন ভাবে যাওয়া সম্ভব কিনা? অবশ্যই সম্ভব। তবে এগুলোর মধ্যে তাড়াতাড়ি হচ্ছে বিমান। তদ্রুপ আমাদের জীবনটা হচ্ছে এরকম আমরা চাইলে ২০/৩০ বছরে সফল হতে পারি আবার চাইলে ৫ বছরেও সম্ভব। রিচ্ এর মাধ্যমে আপনার ৬-৭ বছরের মধ্যে সফল হওয়া সম্ভব। মনে করলাম দ্বিতীয় বছরে যদি প্রতি স্টেটম্যান্টে ১টি সেন্টার থেকে নূন্যতম ৬,০০০ টাকা উপার্জন করতে পারেন, সেক্ষেত্রে আগামী ৬-৭ বছরে আপনার আয় হতে পারে নিম্নোক্ত উপায়ে -

	আয়	খরচ	জমা
২য় বছর	৬,০০০× ৮ = ৪৮,০০০	৩০,০০০	১৮,০০০ × ১২ = ২,১৬,০০০
৩য় বছর	৮,০০০ × ৮ = ৬৪,০০০	৪০,০০০	২৪,০০০ × ১২ = ২,৮৮,০০০
৪র্থ বছর	১০,০০০ × ৮ = ৮০,০০০	৫০,০০০	৩০,০০০ × ১২ = ৩,৬০,০০০
৫ম বছর	১৫,০০০ × ৮ = ১,২০,০০০	৬০,০০০	৬০,০০০ × ১২ = ৭,২০,০০০
৬ষ্ঠ বছর	৩০,০০০ × ৮ = ২,৪০,০০০	৮০,০০০	১,৬০,০০০ × ১২ = ১৯,২০,০০০
৭ম বছর	৬৪,৫০০ × ৮ = ৫,১৬,০০০	১,৫০,০০০	৩,৬৬,০০০ × ১২ = ৪৩,৯২,০০০

তাহলে এই ৬/৭ বছরের মধ্যে আয়ের পর প্রতি মাসে সমস্ত খরচ বাদ দিয়ে জমা থাকতে পারে ১টি সেন্টার থেকে ১ কোটি টাকার মত (জেনারেশন বোনাস আনুমানিক ২০ লাখ টাকা) এবং এই ৬/৭ বছরে ডায়মন্ড এক্সিকিউটিভ ও রিচ্ এ্যামবাসাডর হয়ে গেলে আপনার গাড়ী ও ফ্ল্যাট নিশ্চিত হচ্ছে। সুতরাং আগামী ৬/৭ বছরের মধ্যে প্রতিষ্ঠিত হওয়ার জন্য আপনি রিচ্কে এখনই মাধ্যম হিসেবে নিয়ে ক্যারিয়ার শুরু করে দিন।

প্রতিষ্ঠিত হতে হলে বিকল্প পথ বেছে নিতে হবে:

সফল হওয়ার জন্য বিকল্প পথ বেছে নিতে হবে। মার্ক জাকারবার্গ ফেইস বুক এবং ল্যারি পেজ ও সের্গেই ব্রিন গুগল না করে অন্য কোন কিছু করত আমরা তাদেরকে নিশ্চয়ই চিনতাম না এবং তারা পৃথিবীর ১০ জন ধনীর মধ্যে থাকতে পারতো না। যারা সফল হয়েছে দেশে ও বিদেশে তারা প্রত্যেকেই ডিফারেন্স ট্রাক বেছে নিয়েছিল।

চলমান পদ্ধতিতে প্রতিষ্ঠিত হতে হলে অনেক প্রতিযোগীতা করে অনেক সংগ্রাম করে অনেকেই অসৎ উপায় অবলম্বন করে প্রতিষ্ঠিত হয়। প্রায় সময় বেশির ভাগ পারেনা সমাজের দিকে থাকলে বুঝা যায়। তাই প্রতিষ্ঠিত হতে হলে বিকল্প পদ্ধতি বেছে নিতে হবে। যেখানে প্রতিযোগী ও প্রতিযোগীতা দুটিই কম। পৃথিবীর সফল লোকগুলো এভাবেই সফল হয়েছে। আপনি তাদের জীবনী পড়ে দেখুন। রিচ্ এর এই ব্যবসা একটি বিকল্প পদ্ধতি, এখানে প্রতিযোগী ও প্রতিযোগীতা দুটিই কম, তাছাড়া এদেশের কোটি কোটি লোকের জন্য এটি এখনও নতুন ও আধুনিক ব্যবসা। তাই সফল হওয়ার জন্য আজই আপনার এখানে ক্যারিয়ার শুরু করা উচিৎ।

বড় হওয়ার জন্য বড় মাধ্যম প্রয়োজন

এটা সত্য যে কোন কাজ প্রথমেই ছোট অবস্থায় শুরু হয় এর পর বড় হয়। প্রশ্ন হচ্ছে আপনি যেখানে ক্যারিয়ার শুরু করবেন সেই ক্ষেত্রটি বড় কিনা? কারন বড় হওয়ার জন্য বড় মাধ্যম প্রয়োজন। রিচ্ এর সুবিধা হচ্ছে আপনি কাজটি শুরু করবেন প্রথমে ছোট অবস্থায় কিন্তু এটি যখন এক জায়গা থেকে আরেক জায়গায় ছড়িয়ে পড়বে তখন আপনার ব্যবসাও বড় হতে থাকবে যার ফলে আপনার আয়ও বেড়ে যাবে। তাই কাজটি প্রথম অবস্থায় ছোট মনে হলেও এটি অনেক বিশাল একটি ক্ষেত্রে যা সারাদেশে বিস্তৃত হতে পারে ফলে আপনার বড় হওয়ার জন্য এটি অনেক বড় একটি মাধ্যম। তাছাড়া এটি একটি রয়্যালটি আয়। আপনি একজন শুরু করলেও পরবর্তীতে হাজার হাজার লোক আপনার টিমে কাজ করবে বিধায় আপনার রয়্যালটি আয় নিশ্চিত হবে। তাই স্বধীন পেশা ও রয়্যালটি আয় নিশ্চিত করার জন্য আপনি রিচ্ কে ক্যারিয়ার হিসেবে নিয়ে নিন। আশা করি আপনার সফলতা আসবেই। ইনশা আল্লাহ।

উন্নত জীবন যাপন, বিদেশ ভ্রমন ও গাড়ী বাড়ীর জন্য।

প্রতিটি মানুষ প্রতিষ্ঠিত হলে এগুলো তার জীবনে নিশ্চিত হয়। প্রশ্ন হচ্ছে এগুলো কত বছরে পাওয়া যাবে? সচরাচর সিস্টেমে এগুলো পেতে হলে ক্যারিয়ার শুরুর ১০/১৫ এমনকি ৩০ বছরও লাগতে পারে। কিন্তু রিচ্ এর মাধ্যমে ক্যরিয়ার শুরু করলে যা আপনি ৬/৭ বছরে পেতে পারেন। এখানেই চলে আসে আপনি যুবক বয়সে চান না বৃদ্ধ বয়সে চান। যদি যুবক বয়সে চান তাহলে রিচ্ আপনাকে সেই পথে নিয়ে যাবে। রিচ্ এর মাধ্যমে দেশ ও বিদেশ ভ্রমনের পাশাপাশি উন্নত জীবন যাপন ও গাড়ী, ফ্ল্যাটের গর্বিত অধিকারী হতে পারবেন।

বাংলাদেশ এই ব্যবসার জন্য খুবই উপযুক্ত।

এদেশের বেশিরভাগ মানুষের আয়ের তুলনায় ব্যয় বেশি, তাছাড়া বেকার, ছাত্র, গৃহিনী মিলে প্রচুর লোকের বসবাস। তাই এদের বেশির ভাগ এই ব্যবসার জন্য উপযুক্ত। এরা পার্ট টাইম ও ফুল টাইম আয় করতে আগ্রহী। তাই আজ যদি রিচ্ এর মাধ্যমে ক্যরিয়ার শুরু করেন তাহলে হাজার হাজার লোক আয়ের জন্য এই ব্যবসায় আসবে। তাদের অনেকেই আপনার টিম এ আসবে। তাই যত দেরী করবেন তত পেছাবেন। সেজন্য সম্ভাবনাময় এই ফিল্ডে রিচের মাধ্যমে কাজ শুরু করলে আপনি দ্রুত প্রতিষ্ঠিত হবেন ইনশা আল্লাহ।

Follow-up Technique

টাকার সমস্যা ঃ Plan Show করার পর প্রায় ব্যাক্তি Follow-up এ গেলে এই কথাটি বলে থাকে, আমার টাকার সমস্যা। এই ক্ষেত্রে বিষয়টিকে দুইভাবে বিশ্লেষন করা যায়, প্রথমত প্লান ভালভাবে না বুঝা, দ্বিতীয়ত আসলেই টাকার সমস্যা। তাই এই ক্ষেত্রে বিষয়টিকে খুব সুন্দরভাবে উপস্থাপন করতে পারলে ভাল ফল পাওয়া যাবে। সাধারনত আমরা দুই ক্যাটাগরির ব্যাক্তিকে Plan Show করে থাকি।

১. কর্মজীবি ঃ যেমন চাকুরীজীবি, ব্যবসায়ী, পেশাজীবি।
২. কর্মহীন ঃ যেমন বেকার, ছাত্র-ছাত্রী, গৃহিনী।

কর্মজীবির ক্ষেত্রে ঃ যখন কোন গ্রাহক বলছে টাকার সমস্যা তখন চিন্তা করতে হবে কথাটি কেন বলেছে, যদি উনার সামর্থ্য থাকার পরও বলে, তাহলে বুঝতে হবে উনি Plan বুঝতে পারে নাই, তাই উনাকে আবার Plan বুঝাতে হবে এবং ৩/৭ অর্থাৎ বেশী সেন্টার নিলে, বেশী ইনকাম ব্যাপারটি ভালভাবে তুলে ধরতে হবে, আশাকরি Result আসবে ইনশাআল্লাহ। আর যদি আপনার মনে হয় উনার সামর্থ্যের সমস্যা আছে তাহলে বিষয়টিকে খুব সুন্দরভাবে মোকাবেলা করতে হবে, যেমন সুমন ভাই নামক একজনকে Plan Show করেছেন, উনি সবই বুঝার পর বলতেছে টাকার সমস্যা। তখন সুমন ভাইকে বলেন, আসলেই কি ভাই টাকার সমস্যা ? উত্তরে বলতে পারে হ্যাঁ, তখন একটু চিন্তা করে বলেন ভাই এজন্যই তো আপনার Rich করা উচিত। কারন কি জানেন? এই যে আপনি এতদিন কর্মে থাকার পরও আপনার কাছে পর্যাপ্ত সার্মথ্য নেই সেটা আসলেই আপনার জন্য বড় সমস্যা। আল্লাহ মাফ করুক আজকে যদি আপনার পরিবারের কেউ অসুস্থ হয় কি করবেন নিশ্চয়ই সুস্থতার জন্য টাকা ম্যানেজ করবেন, উত্তরে বলবে অবশ্যই। ঠিক এভাবে চিন্তা করেন এতদিন কর্মে থাকার পরও আপনার কেন পর্যাপ্ত সামর্থ্য নেই? বর্তমানে যে কর্মে আপনি রয়েছেন সেখানে মন থেকে সন্তুষ্ট কিনা?

উত্তর যদি না হয় তাহলে আমার পরামর্শ আপনার ভালোভাবে Rich- এ কাজ করা। কারন আপনি আপনার বর্তমান কর্মে খুব একটা সফল হচ্ছেন না। কথায় আছে যা হয় ৯ দিনে হয় যা হয়না ৯০ দিনেও হয়না। আপনার যেহেতু হচ্ছেনা তাই Rich হচ্ছে আপনার জন্য সফল হওয়ার মাধ্যম। আমি হয়তো উছিলা হয়ে এসেছি, এত লোক থাকতে আপনার কাছে কেন দাওয়াত এসেছে? নিশ্চয় আল্লাহ আপনার ভাগ্য পরিবর্তন করতে চান। তাই আমার পরামর্শ হচ্ছে, বর্তমান কাজের পাশাপাশি যে করেই হোক প্রয়োজনে ধার করে হলেও টাকা ম্যানেজ করতে হবে এবং আপনি একসাথে ৭টা Center নিন, আপনাকে সফল করার জন্য যা সহযোগিতা দরকার, আমি তা করবো ইনশাআল্লাহ।।

কর্মহীন ঃ যখনই এরা বলবে টাকার সমস্যা, তখন আপনিও তার জন্য সহমর্মিতা প্রকাশ করুন। একটু চিন্তা করে বলবেন, আমাদের সবার কর্মকরে চলতে হবে তাই না? উত্তরে বলবে হ্যাঁ।

ছাত্র হলে ঃ আপনি পড়ালেখা শেষ করে নিশ্চয় উপার্জনের জন্য চাকুরী বা ব্যবসা কোন একটা কিছুতো করবেন তাই না? উত্তরে বলবে হ্যাঁ অর্থাৎ সোজা কথা হচ্ছে আমাদেরকে উপার্জনের জন্য কিছু একটা করতে হবে। তাই আমার পরামর্শ হচ্ছে এই মুহূর্তে ইউরোপ, অষ্ট্রেলিয়া, আমেরিকার মতো যদি পড়ালেখার পাশাপাশি পার্ট টাইম কাজ করতে পারেন তাহলে এমনও হতে পারে পড়ালেখা শেষ করতে করতে আপনি প্রতিষ্ঠিত হয়ে যাবেন। যেমন ডায়মন্ড রুবেল সহ সিঃ লিডার প্রিন্স, তোহা, আবছার আরও অনেকে। তারা পড়ালেখার পাশাপাশি Rich করেছে বিধায় আজ প্রতিষ্ঠিত, যেহেতু আজ হোক কাল হোক টাকা

উপার্জন করতে হবে, তাই এখন থেকে যদি শুরু করেন আগামী ২/৩ বছরের মধ্যে হয়তোবা আপনার গাড়ীও থাকতে পারে। টাকার সমস্যা থাকতে পারে এবং একে সমস্যা মনে না করে জীবনে প্রতিষ্ঠিত হওয়ার স্বার্থে ধার করে হলেও টাকা আপনাকে ম্যানেজ করতে হবে। মনে রাখবেন, এতো হাজার হাজার জনের মধ্য থেকে আপনার কাছে দাওয়াত এসেছে, নিশ্চয় আল্লাহ আপনার ভাল চান, হয়তোবা আমি উছিলা হিসেবে এসেছি, তাই দেরি না করে আজকেই চলে আসেন। আপনাকে সফল করার জন্য যা সহযোগিতা দরকার আমরা তা করবো, ইনশাআল্লাহ।।

বেকার ঃ আমি বুঝতে পেরেছি আপনার টাকার সমস্যা। কিন্তু একবার চিন্তা করুন তো কিছু একটা আপনাকে তো করতে হবে। যেটাই করেন না কেন কিছু না কিছু টাকা লাগবেই। একটা চাকুরির ইন্টারভিউ দিতে গেলেও নূন্যতম খরচ মেনটেইন করতে হবে। আমার কথা হচ্ছে এই মূহুর্তে চাকুরী, ব্যবসা কোন কিছু করার সুযোগ না পেলে আপনি কি করবেন? কিছু একটাতো করতে হবে। আসুন দুই ভাই মিলে ভাল করে রিচ্ করি। এমনও হতে পারে আপনি অনেক বেশি সফল হতে পারেন, তাই আপনি টাকার সমস্যা বলছেন এটা কোন সমস্যা না। সমস্যা মনে না করে সম্ভাবনা নিয়ে চিন্তা করেন, দেখবেন একটা উপায় হবে। আপনি ৩/৭ সেন্টার নিয়ে শুরু করেন প্রয়োজনে ধার করেন। এভাবে কতদিন বেকার থাকবেন? আসুন এক সাথে মিলেমিশে কাজ করব, যত সহযোগীতা লাগে পাশে আছি ভাই। চিন্তা করবেন না হয়ত আল্লাহ আপনার ভাগ্য খুলছে, আসুন ফুল টাইম রিচ্-এ কাজ করি অনেকে যে রকম সফল হয়েছে আমরাও হবো, ইনশাআল্লাহ।।

বিশ্বাস হয় নাঃ

অনেক কোম্পানি তো চলে গেছে তাই বিশ্বাস হয় না। হ্যাঁ আপনার সাথে আমিও একমত, এটা ঠিক অনেক কোম্পানি মার্কেট থেকে চলে গেছে যার ফলে অনেকেই প্রতারিত হয়েছে। এজন্য সরকারও কঠোর ভাবে আইন করেছে, যাতে কেউ MLM এর নাম ভাঙ্গিয়ে প্রতারনা করতে না পারে। আপনার বিশ্বাস না হওয়াটা স্বাভাবিক ।আপনার জায়গায় থাকলে আমিও এটা করতাম। যেহেতু এই সমস্যা হয়েছে তাই ভাল-মন্দ বিবেচনা করা উচিত। দেশে এই সেক্টরে সমস্যা হয়েছে বিধায়, আমি মনে করি সবদিক বিশ্লেষণ করে আপনার Rich করা উচিত।

কারন ঃ

১) Rich ১৩ বছরের পুরাতন ও সুনামধণ্য কোম্পানি যা দীর্ঘ সময় ধরে ব্যবসা করে যাচ্ছে, এতো কোম্পানি চলে যাওয়ার পরও Rich ঠিকই তার সেবা ও কমিটম্যান্ট ঠিক রেখে ব্যবসা করে যাচ্ছে।

২) Rich সরকার থেকে MLM এর উপর License নিয়ে ব্যবসা করে যাচ্ছে, যদি এই দীর্ঘ সময়ে কোন রকম দুর্নীতি করত তাহলে নিশ্চয়ই License পেত না।

৩) Market থেকে যে কোম্পানি গুলো চলে গেছে তাদের বেশীর ভাগ ছিল বিনিয়োগ নির্ভর, কিন্তু Rich একটি Product Based কোম্পানি তাই এখানে লোকজন টাকা দিয়ে Product কিনে বিধায় প্রতারিত হওয়ার সুযোগ নাই।

৪) সততা, নিষ্ঠা, দক্ষ ব্যবস্থাপনার কারনে Rich সারা বাংলাদেশে ব্যবসা করে যাচ্ছে এবং এখানে প্রচুর ব্যক্তি সফল হয়েছে ও প্রতিনিয়ত হচ্ছে, এই সব বিবেচনা করে আমিও আপনাকে বলতে চাই Rich এর উপর ১০০% আস্থা রাখতে পারেন, ইনশাআল্লাহ।

মার্কেটে ভাল খারাপ দু'টো দিক সব সময় থাকবে তাই আমার পরামর্শ হচ্ছে কে ভুল করেছে, সেটি না ভেবে রিচ্ এর ভাল দিক বিবেচনা করে আজকে থেকে শুরু করে দিন। আপনাকে সফল করার জন্য যা সহযোগিতা দরকার আমরা তা করবো, ইনশাআল্লাহ।।

আমার দ্বারা এসব হবে নাঃ

আমি অনেক চিন্তা করে দেখলাম এগুলো আমাকে দিয়ে হবে না। কারন আমার সময় নেই তাছাড়া আমার এত লোককে বলা সম্ভব না তাই --- । আমিও আপনার সাথে একমত, কারন আপনি চাকুরি/ব্যবসা করেন এজন্য সময় নেই। তাছাড়া লোকজনকে বলবেন ঐ সময় সুযোগ কই?

একটু চিন্তা করে বলেন আপনি যাই করেন না কেন নিশ্চই উপার্জনের জন্য করেন তাই না? উত্তরে বলবে হ্যাঁ, তাহলে এখানে প্রশ্ন চলে আসে বর্তমান আয়-রোজগারে আপনি বা আপনার পরিবার সন্তুষ্ট কিনা? যদি উত্তর হয় না তাহলে আমি বলব আপনার ও পরিবারের ভবিষ্যতের স্বার্থে আপনাকে বাড়তি কিছু করতে হবে। সেটা যে কোন Sector –এ হতে পারে আবার Rich ও হতে পারে। কারন যে হারে সবকিছুর দাম বেড়ে যাচ্ছে, তাতে সামনের দিনগুলো খারাপও আসতে পারে। তাই আমার পরামর্শ হচ্ছে এখনই আপনি বাড়তি কিছু একটা করেন। সেটা Rich হতে পারে, কারন এখানে অনেকেই চাকুরি/ব্যবসার পাশাপাশি সফল হয়েছে আমার বিশ্বাস আপনিও পারবেন। আমাকে যখন Plan দেখানো হলো, আমি ও আপনার মত চিন্তা করেছিলাম। পরে যখন বুঝলাম, তখন আর দেরি করি নাই Join হয়ে কাজ শুরু করে দিয়েছি। এখন প্রশ্ন হচ্ছে আপনার উপার্জন দরকার আছে কিনা? উত্তরে বলবে হ্যাঁ, তাহলে আমি বলতে চাই সময় ম্যানেজ হবে। ছুটির দিনগুলো আছে, পাশাপাশি প্রতিদিন ২-৩ ঘন্টা সময় চাইলেই বের করা যাবে। সবচেয়ে বড় কথা হচ্ছে, ইচ্ছা থাকলে উপায় হবে। সময় নিয়ে চিন্তা করবেন না আপনি শুরু করেন, ইনশা আল্লাহ ম্যানেজ হয়ে যাবে, আমি আপনাকে সকল প্রকার সহযোগিতা করব।

আর লোকজনকে বলা নিয়ে, যেটা চিন্তা করছেন সেটিও কোন সমস্যা হবেনা। কারন কোন কাজ কেউ মায়ের পেট থেকে শিখে আসেনা। But একটু প্রশিক্ষন নিলে সবাই সফল হতে পারে। তার আগে বলুন আপনার নিশ্চয় ১৫-২০ জন লোকের সাথে পরিচয়তো আছে? উত্তরে হ্যাঁ। কিছু প্রশিক্ষন নিতে তো পারবেন। হ্যাঁ, তাহলে কোন চিন্তা করার দরকার নেই। বাকিটা আমার হাতে ছেড়ে দেন। আমি আপনাকে সফল করার জন্য যা যা করা দরকার তাই করব ইনশা আল্লাহ। আপনি আজকেই Join করে নিন, আজকে থেকে আমাদের যুদ্ধ শুরু।

আমার পরিচিতদের মধ্যে অনেককে প্রথমে বেশ কিছুদিন কাজ করার পর দেখলাম ব্যর্থ হল, তাই --------

আমি আপনার সাথে একমত। এম.এল.এম সিস্টেমে অনেকে প্রথম প্রথম খুব স্পিড এ কাজ করে যায় কিছুদিন পর স্লো হয়ে যায়। কারণ এটি একটি প্রশিক্ষণ নির্ভর ব্যবসা। এখানে যে যত বেশি প্রশিক্ষণ নিবে, সে তত বেশি সফল হবে। আপনার আত্বীয়, বন্ধু যার কথা আপনি বলছেন, আমার মনে হয় তারা ভাল প্রশিক্ষণ নেয় নাই। তাদের স্লো হওয়ার পেছনে সবচেয়ে বড় কারণ, তারা যখন কাজ শুরু করেছিল তখন তাদের পরিচিতি দিয়ে, প্রচুর লোককে জয়েন করায় কিন্তু এরপর সেই লোকগুলোকে কিভাবে পরিচালিত করতে হবে তারা জানতো না। ঠিক তখনই তাদের টিম স্লো হয়ে যায় এবং একসময় বন্ধ হয়ে যায়, রেজাল্ট কিছুদিন দৌড়ঝাপ করার পর বন্ধ, তখন আপনাদের কাছে ম্যাসেজ যায় এম.এল.এম -এ সফল হওয়া যায় না।

আশাকরি, আপনি বুঝতে পেরেছেন কেন তারা ব্যর্থ হল। তারা ব্যর্থ হয়েছে বিধায় আপনি হবেন এটা কথা হতে পারেনা। আপনি আসুন রিচ্ -এ । এখানে প্রচুর প্রশিক্ষনের ব্যবস্থা রয়েছে। প্রথমে জয়েন হওয়ার পর কাউকে দাওয়াত দেওয়ার পূর্বে আপনি কয়েকটা প্রশিক্ষণ নিবেন। যখন টিম বড় হতে থাকবে আপনার প্রশিক্ষণ ও চলতে থাকবে, দেখবেন বিভিন্ন উন্নতমানের প্রশিক্ষনের কারনে আপনি দক্ষ ও সফল একজন লিডার হিসেবে আত্বপ্রকাশ করবেন । আপনাকে সফল করার জন্য যা সহযোগিতা দরকার আমরা তা করবো, ইনশাআল্লাহ।।

Rich Business System Ltd
Prospect List

Sl	1. Name List	2. Quality Selection			3. *	4. Comments
	Mobile Contact List A - Z	**Money** 5,500+, 14,500+, 27,500+	**Mentality** Income, Need, Dream	**Credibility** 20+, 50+ & Skill Full	**How much**	
01.						
02.						
03.						
04						
05.						
06.						
07.						
08.						
09.						
10.						
11.						
12.						
13.						
14.						
15.						
16.						
17.						
18.						
19.						
20.						
21.						
22.						
23.						
24.						
25.						
26.						
27.						
28.						
29.						
30.						
31.						
32.						
33.						
34.						
35.						
36.						
37.						
38.						
39.						
40						
41.						
42.						
200.						

১। নামের তালিকা তৈরী করার সময় মোবাইলের কন্ট্যাক্ট লিস্টে গিয়ে A - Z পর্যন্ত সম্ভাব্য যত নাম পাওয়া যাবে তাদের নাম প্রসপেক্ট লিস্টে নিয়ে আসতে হবে। এই তালিকা তৈরীর সময় কে ব্যবসা করবে কে করবেনা তা আগে থেকে মাথায় আনা যাবে না।

২। নির্বাচন করার সময় -

* **সামর্থ্য :**

আপনার দৃষ্টিতে যাদের জয়েন হওয়ার সামর্থ্য ৫,৫০০ /- টাকার উর্দ্ধে কিন্তু ১৪,৫০০/- টাকার নিচে তাদের জন্য একটি * বরাদ্দ হবে।

আপনার দৃষ্টিতে যাদের জয়েন হওয়ার সামর্থ্য ১৪,৫০০ /- টাকার উর্দ্ধে কিন্তু ২৭,৫০০/- টাকার নিচে তাদের জন্য দুইটি ** বরাদ্দ হবে।

আপনার দৃষ্টিতে যাদের জয়েন হওয়ার সামর্থ্য ২৭,৫০০ /- টাকার উর্দ্ধে তাদের জন্য তিনটি *** বরাদ্দ হবে।

*** মানসিকতা :**

আপনার দৃষ্টিতে যাদের শুধু ইনকাম করার মানসিকতা আছে বলে মনে হয় তাদের জন্য একটি * বরাদ্দ হবে।

আপনার দৃষ্টিতে যাদের ইনকাম করার মানসিকতা আছে ও অভাব আছে বলে মনে হয় তাদের জন্য দুইটি ** বরাদ্দ হবে।

আপনার দৃষ্টিতে যাদের ইনকাম করার মানসিকতা আছে, অভাব আছে ও বড় হওয়ার স্বপ্ন আছে বলে মনে হয় তাদের জন্য তিনটি *** বরাদ্দ হবে।

*** মানুষের সাথে সম্পর্ক ও গ্রহণযোগ্যতা :**

আপনার দৃষ্টিতে যাদের ২০- ৩০ জন লোকের সাথে সম্পর্ক ও গ্রহণযোগ্যতা আছে বলে মনে হয় তাদের জন্য একটি * বরাদ্দ হবে।

আপনার দৃষ্টিতে যাদের ৫০+ জন লোকের সাথে সম্পর্ক ও গ্রহণযোগ্যতা আছে বলে মনে হয় তাদের জন্য দুইটি ** বরাদ্দ হবে।

আপনার দৃষ্টিতে যাদের ৫০+ জন লোকের সাথে সম্পর্ক ও গ্রহণযোগ্যতার পাশাপাশি ভাল যোগ্যতা আছে বলে মনে হয় তাদের জন্য তিনটি *** বরাদ্দ হবে।

৩। * সংখ্যা নির্ধারণ : (Priority Based Plan Show)

যাদের ক্ষেত্রে ৯টি * পাবেন তাদেরকে সবার আগে Plan Show করতে হবে।

যাদের ক্ষেত্রে ৮টি * পাবেন তাদেরকে দ্বিতীয় পর্যায়ে Plan Show করতে হবে।

যাদের ক্ষেত্রে ৭টি * পাবেন তাদেরকে তৃতীয় পর্যায়ে Plan Show করতে হবে।

যাদের ক্ষেত্রে ৬টি * পাবেন তাদেরকে চতুর্থ পর্যায়ে Plan Show করতে হবে।

কোন ক্যাটাগরীতে ৩টি * ও সর্বমোট ৬টি * না পেলে তাদেরকে Plan Show করার দরকার নেই। (সেখানে আপনার খুব কাছের বন্ধু/আত্নীয়-স্বজন থাকলেও)